

Times Today BD

মো. নাঈম | বরিশাল | 07 May, 2025

ঝালকাঠিতে বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষের (বিআরটিএ) কার্যালয়ে হঠাৎ অভিযান চালিয়েছে দুর্নীতি দমন কমিশন (দুদক)।

বুধবার (৭ মে) দুপুরে জেলা প্রশাসকের কার্যালয়ের নিচতলায় অবস্থিত বিআরটিএ অফিসে এই অভিযান পরিচালিত হয়। অভিযানের খবর পেয়ে কার্যালয়ের আশপাশে সক্রিয় দালালচক্র দ্রুত স্থান ত্যাগ করে।

পিরোজপুর সমন্বিত জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মো. আরিফ হোসেনের নেতৃত্বে ঘণ্টাব্যাপী অভিযানে দুদক কর্মকর্তারা বিভিন্ন নথিপত্র তল্লাশি করেন। এ সময় তারা অভিযোগ পান যে, ড্রাইভিং লাইসেন্স প্রদানে সময়ক্ষেপণ এবং ঘুষ গ্রহণ করা হয়ে থাকে। এসব অনিয়মের প্রেক্ষিতে তিন দিনের মধ্যে আবেদনকারীদের প্রস্তুতকৃত ড্রাইভিং লাইসেন্স ঘুষ ছাড়াই সরবরাহের নির্দেশ দেন তারা।

দুদক হুঁশিয়ারি দেয়, নির্ধারিত সময়ের মধ্যে নির্দেশনা বাস্তবায়ন না হলে বিআরটিএ কার্যালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণ করা হবে। পাশাপাশি কর্মকর্তাদের স্বচ্ছতা ও জবাবদিহিতার সঙ্গে দায়িত্ব পালনের নির্দেশও প্রদান করা হয়।

অভিযান চলাকালে বিআরটিএ ঝালকাঠি কার্যালয়ের সহকারী পরিচালক এসএম মাহফুজুর রহমান অনুপস্থিত ছিলেন। তিনি জানান, পিরোজপুরে দায়িত্ব পালনের কারণে তিনি সেখানে অবস্থান করছিলেন।

অভিযান শেষে দুদকের সহকারী পরিচালক মো. আরিফ হোসেন সাংবাদিকদের জানান,
“অভিযানে কিছু অসংগতি ধরা পড়েছে। তিন দিনের মধ্যে এসব সমস্যার সমাধান করতে
নির্দেশ দেওয়া হয়েছে।”

বিআরটিএ দুদক

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 04:50

URL: <https://www.timestodaybd.com/public/barishal/7969202110>